



প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

برائے اسلامی لائف انشورنس لمیٹیڈ

Prime Islami Life Insurance Limited

ISO 9001:2015
CERTIFIED

প্রাইম-এএমএল/সিএফটি সার্কুলার লেটার নং - ০২

তারিখঃ ০৬ আগস্ট ২০২৬ইং

AML/CFT ডিভিশন এর কর্মকর্তাবৃন্দ
প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

মানিলাভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে AML/CFT ডিভিশন এর কর্মকর্তাদের জন্য অনুসরণীয় নির্দেশনা।

AML/CFT Division বীমা কোম্পানির মানিলাভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এটি অর্থপাচার ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি কমায়ে, আইনগত বাধ্যবাধকতা নিশ্চিত করে, প্রতিষ্ঠানের সুনাম রক্ষা করে এবং আর্থিক ব্যবস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

মানিলাভারিং প্রতিরোধ আইন ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ এবং আইন দুইটির আওতায় জারিকৃত বিধিমালার সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালনে অত্র কোম্পানীতে কার্যরত সকল AML/CFT ডিভিশন এর কর্মকর্তাবৃন্দের জন্য অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনা সমূহ প্রদান করা হলোঃ

১. AML/CFT নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন:

AML/CFT Division প্রতিষ্ঠানের জন্য অর্থপাচার ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক নীতিমালা, নির্দেশিকা ও Standard Operating Procedures (SOP) এর খসড়া প্রণয়ন করে অনুমোদনের জন্য কেন্দ্রীয় পরিপালন ইউনিটকে প্রেরণ করবে। এছাড়া এসব নীতিমালা যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করবে।

২. Customer Due Diligence (CDD) ও KYC:

নতুন গ্রাহকের পরিচয়, জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট, ঠিকানা, পেশা, আয়ের উৎস এবং Beneficial Owner-এর তথ্য যাচাই এর মাধ্যমে ভুয়া পরিচয় ব্যবহার করে বীমা গ্রহণ বা অর্থপাচারের ঝুঁকি কমানোর বিষয়ে BAMLCO দের সাথে সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখবে।

৩. Enhanced Due Diligence (EDD):

উচ্চ ঝুঁকিপূর্ণ গ্রাহক (যেমন Politically Exposed Person (PEP), বিদেশি গ্রাহক বা বড় অঙ্কের লেনদেনকারী)-এর ক্ষেত্রে অতিরিক্ত তথ্য সংগ্রহ ও নিবিড় পর্যবেক্ষণ করার বিষয়ে BAMLCO দের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে।

৪. লেনদেন পর্যবেক্ষণ (Transaction Monitoring):

প্রিমিয়াম জমা, পলিসি ক্রয়, পলিসি বাতিল (Surrender), দাবি (Claim) পরিশোধ, পলিসি স্থগণ এবং অন্যান্য আর্থিক লেনদেন নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। অস্বাভাবিক বা সন্দেহজনক লেনদেন শনাক্ত করা AML/CFT Division-এর অন্যতম প্রধান দায়িত্ব।

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন



প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

برائے اسلامی لائف انشورنس لمیٹید

Prime Islami Life Insurance Limited

ISO 9001:2015
CERTIFIED

৫. সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR):

কোনো লেনদেন অর্থপাচার বা সন্ত্রাসে অর্থায়নের সঙ্গে সংশ্লিষ্ট বলে সন্দেহ হলে, BAMLCO (Branch Anti-Money Laundering Compliance Officer) উক্ত লেনদেন যথাযথভাবে বিশ্লেষণ করবেন। সন্দেহের যথেষ্ট ভিত্তি পাওয়া গেলে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU)-এর Suspicious Transaction Report (STR) AML/CFT Division এ প্রেরণ করতে হবে। একই সঙ্গে বিষয়টি প্রতিষ্ঠানের কেন্দ্রীয় পরিপালন ইউনিট (Central Compliance Unit - CCU)-কে অবহিত করতে হবে এবং প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করতে হবে।

৬. নিষেধাজ্ঞা (Sanctions ও Watch List Screening):

জাতিসংঘ (UN), বাংলাদেশ সরকার এবং অন্যান্য অনুমোদিত সংস্থার নিষেধাজ্ঞার তালিকার সঙ্গে গ্রাহকের নাম মিলিয়ে দেখতে হবে, যাতে নিষিদ্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে কোম্পানির কোনো আর্থিক সম্পর্ক স্থাপিত না হয়।

৭. রেকর্ড সংরক্ষণ:

গ্রাহকের পরিচয়পত্র, KYC নথি, লেনদেনের তথ্য এবং AML/CFT-সংক্রান্ত নথিপত্র আইন অনুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত সংরক্ষণ করা হচ্ছে কিনা তা নিয়মিত যাচাই করতে হবে।

৮. আইন ও নিয়ন্ত্রক নির্দেশনা অনুসরণ (Compliance):

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA), অর্থ পাচার প্রতিরোধ আইন, সন্ত্রাসবিরোধী আইন এবং অন্যান্য প্রযোজ্য নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা।

৯. অভ্যন্তরীণ নিরীক্ষা (Compliance Review):

AML/CFT কার্যক্রমের কার্যকারিতা মূল্যায়নের জন্য নিয়মিত অভ্যন্তরীণ নিরীক্ষা পরিচালনা করা হয়। নিরীক্ষায় কোনো দুর্বলতা ধরা পড়লে তা সংশোধনের জন্য প্রয়োজনীয় মতামতসহ কেন্দ্রীয় পরিপালন ইউনিটকে অবহিত করতে হবে।

১০. নিয়ন্ত্রক সংস্থার সঙ্গে সমন্বয়:

BFIU, IDRA, বাংলাদেশ ব্যাংক এবং অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার তথ্য চাহিদা পূরণ, রিপোর্ট প্রদান এবং পরিদর্শনে সহযোগিতা করা AML/CFT Division-এর গুরুত্বপূর্ণ দায়িত্ব।

১১. স্বনির্ধারণী মূল্যায়ন কার্যক্রমঃ-

AML/CFT কার্যক্রমের কার্যকারিতা মূল্যায়নের জন্য বিএফআইইউ এর নির্দেশনা মোতাবেক প্রতিটি শাখা কর্তৃক স্বনির্ধারণী মূল্যায়নের জন্য নির্ধারিত চেকলিস্ট এর উপর ভিত্তি করে বার্ষিক ভিত্তিতে (জানুয়ারি- ডিসেম্বর) নিজেদের মূল্যায়ন করবে। AML/CFT Division এর অন্যতম দায়িত্ব হলো BAMLCO দের নিকট থেকে স্বনির্ধারণী মূল্যায়ন প্রতিবেদন প্রাপ্তির পর চিহ্নিত সমস্যা সমাধান করা সম্ভবপর হলে অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক চূড়ান্ত করবে।

০৮

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন



প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

برائى اسلامى لاىف انشورنس لميٽيٽ

Prime Islami Life Insurance Limited

ISO 9001:2015
CERTIFIED

এবং চূড়ান্ত প্রতিবেদনে সুপারিশ লিপিবদ্ধ করবে। পরবর্তী কেন্দ্রীয় পরিপালন ইউনিট এর সভায় এতদসংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতির প্রতিবেদন দাখিল করবে।

উপরোক্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

মাহমুদুর রহমান তালুকদার

এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট

(ইনচার্জ মানব সম্পদ ও প্রশাসন বিভাগ) এন্ড

সদস্য কেন্দ্রীয় পরিপালন ইউনিট

অনুলিপি : সদস্য অবগতির জন্য।

১. মাননীয় মুখ্য নির্বাহী কর্মকর্তা
২. প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)।
৩. সকল কর্পোরেট জোন প্রধান।
৪. সকল সদস্য, কেন্দ্রীয় পরিপালন ইউনিট।
৫. মাস্টার ফাইল।